হে অন্তরের পরিবর্তনকারী, আমার অন্তরকে আপনার দীনের ওপর স্থির রাখুন।

(শাহর ইবন হাওশাব বলেন,) আমি উম্মু সালামাহ রাদিয়াল্লাহু ‘আনহাকে জিজ্ঞেস করলাম, হে উম্মুল মু’মিনীন! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আপনার কাছে অবস্থানকালে অধিকাংশ সময় কোন দো‘আটি পাঠ করতেন? তিনি বললেন, তাঁর অধিকাংশ সময়
পাঠকৃত দো‘আ ছিল, “হে অন্তর পরিবর্তনকারী, আমার অন্তরকে আপনার দীনের ওপর স্থির
রাখুন।”
[সহীহ লিগাইরিহী] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের অধিকাংশ সময় পাঠকৃত দো‘আ ছিল। এখানে ‘আল-ইকসার’ থেকে ‘আকসার’ শব্দটি এসেছে। তিনি বলতেন, “হে অন্তর পরিবর্তনকারী” অর্থাৎ অন্তরকে কখনো আনুগত্য ও একাগ্রতার দিকে আবার কখনো গুনাহ ও অন্যমনা হওয়ার দিকে পরিবর্তনকারী। “আমার অন্তরকে আপনার দীনের ওপর স্থির রাখুন।” অর্থাৎ সরল সঠিক ও সুদৃঢ় দীন থেকে পরিবর্তন না করে আপনার দীনের ওপর আমার অন্তরকে সুদৃঢ় মজবুত রাখুন।

https://sunnah.global/hadeeth/bn/show/3142